লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা : সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে মাস্টার্স ডিগ্রীধারী এবং লাইব্রেরি বা অনুরূপ কাজে ১৫ বছরের অভিজ্ঞতা তন্মধ্যে লাইব্রেরির ডেপুটি লাইব্রেরিয়ান বা সমমানের পদে অবশ্যই ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি ম্যানেজমেন্ট, সফটওয়্যার, ডাটাবেস, রিপোজিটরী এবং ওয়েবসাইট ব্যবস্থাপনাতে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি ও তথ্যবিজ্ঞানে Ph.D ডিগ্রীধারী প্রার্থীর বেলায় উপরোক্ত অভিজ্ঞতা ১০ বছর হবে। **সহকারী লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/ বিভাগসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে মাস্টার্স ডিগ্রীধারী বা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে লাইব্রেরি বা অনুরূপ কাজে ৫ বছরের অভিজ্ঞতা। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম। **জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী। লাইব্রেরি সহকারী পদে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে MS Word, Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন এবং লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যার এবং KOHA বা সমমানের ব্যবহারে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **EMIS Specialist পদের নির্ধারিত যোগ্যতা** : The Candidate must possess a First Class B.Sc. Engineering degree in Civil/ Environmental / Computer Science Engineering or an equivalent degree in relevant discipline obtained from a recognized University/ Institution plus 06 years of professional experience of which at least 4 years in active teaching and/or research. **ডেপুটি রেজিস্ট্রার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/ বিভাগসহ মাস্টার্স ডিগ্রীধারী বা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী এবং ১ম শ্রেণীর পদে অফিসার হিসেবে প্রশাসনিক কাজে ১০ বছরের অভিজ্ঞতা, তন্মধ্যে সহকারী রেজিস্ট্রার/সহকারী পরিচালক/সহকারী লাইব্রেরীয়ান বা সমমানের পদে অবশ্যই ৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম। **প্রশাসনিক কর্মকর্তা পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/উচ্চমান সহকারী বা সমমান বা তদুর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **সহকারী প্রোগ্রামার পদের নির্ধারিত যোগ্যতা :** বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী অথবা পদার্থবিদ্যা /ফলিত পদার্থবিদ্যা / গণিত/ পরিসংখ্যান/ বাণিজ্য/ অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ ব্যবসায় প্রশাসনে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট প্রফেশনাল সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। **পুরকৌশল বিভাগের সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা** : B.Sc. in Civil Engineering from a recognized University with 1st division/class of CGPA minimum 3.00 in the scale of 4. Preference will be given to experience candidate in Geotechnical with higher degree. **প্রোগ্রাম অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ ৪ বছর মেয়াদী স্নাতক (অনার্স) সহ স্নাতকোত্তর ডিগ্রী। **ইমাম পদের নির্ধারিত যোগ্যতা:** কামিল বা দাওরায়ে হাদিস/তাকমিল বা ফাজিল সহ এই সম্পর্কযুক্ত বিষয়ে মাস্টার্স ডিগ্রি। সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা শ্রেণি থাকতে হবে। কামিল/তাকমিল/মাস্টার্স ডিগ্রি পরীক্ষায় ১ম শ্রেণি থাকতে হবে। হাফেজ ও ক্বারী প্রার্থী অগ্রাধিকার যোগ্য। ইমাম হিসেবে ২ বছরের অভিজ্ঞতাসহ আলিয়া বা কওমী মাদ্রাসায় ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। **সহকারী মহিলা ওয়ার্ডেন পদের নির্ধারিত যোগ্যতা :** দ্বিতীয় শ্রেণিসহ মাস্টার্স ডিগ্রি বা ২য় শ্রেণিসহ স্নাতক ডিগ্রি প্রাপ্ত এবং শিক্ষা প্রতিষ্ঠানের কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। **বিশেষ দ্রষ্টব্য:** প্রার্থীর বয়স ৩৫ বছর হতে হবে এবং MS Word-এ বাংলা ও ইংরেজি টাইপ এবং MS Excel-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম হতে হবে। **পূজারী পদের নির্ধারিত যোগ্যতা :** কাব্যতীর্থ এবং স্মৃতিতীর্থ পাশ। যে কোন খ্যিশিষ্ট মন্দিরে ০৫ বৎসরের পুরোহিত্য করার অভিজ্ঞতা থাকতে হবে। **রিসার্চ অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** At least 2nd class Master's degree / B.Sc. Engg. Degree Candidates having experience in the line will be preferred. **প্রকিউরমেন্ট অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ স্নাতকোত্তর ডিগ্রী + প্রকিউরমেন্ট/ প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/ উচ্চমান সহকারী বা সমমান বা তদুর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতা :** Must have B.Sc. Engg. degree in Naval Architecture and Marine Engineering/Mechanical Engineering. Specialized Training will be considered as added qualification. **একাউন্টস অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** সকল পর্যায়ে ২য় শ্রেণি/বিভাগসহ বাণিজ্য/ব্যবসায় প্রশাসন-এ স্নাতকোত্তর ডিগ্রি + হিসাব সংক্রান্ত কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/হিসাব রক্ষক বা সমমান পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/সহকারী হিসাব রক্ষক বা সমমান বা তদুর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। **তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহকারী টেকনিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** Diploma in Electrical/Electronics/ Telecommunication/Computer Technology তে কমপক্ষে ২য় শ্রেণিতে (CGPA=2.25) পাশসহ Electronics যন্ত্রপাতি স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজে অন্তত ০৬ মাসের অভিজ্ঞতা সম্পন্ন। **কেমিকৌশল বিভাগের সহকারী টেকনিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতা :** ইলেকট্রনিক্স এ ডিপ্লোমা প্রাপ্ত এবং ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীকে অবশ্যই আধুনিক ইলেকট্রনিক্স যন্ত্রপাতি স্থাপনে পারদর্শী, তার দোষ ত্রুটি নিরূপণ এবং নিজ হাতে তা মেরামতের যোগ্যতাসম্পন্ন হতে হবে। অনলাইনে https://recruitment.buet.ac.bd সাইটের মাধ্যমে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা আবেদন করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline" মেনুতে বর্ণনা করা হয়েছে। ৯ম গ্রেড বা তদুর্ধ গ্রেড বেতন স্কেলের পদে আবেদনের জন্য ৬০০/- টাকা ও ১০ম গ্রেড পদে আবেদনের জন্য ৫০০/- টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদনের সময় সকল তথ্য সঠিকভাবে পূরণসহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, NID এবং অভিজ্ঞতার সনদের কপি আপলোড করতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নয়। আবেদনে উল্লিখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card সাইট থেকে ডাউনলোড করতে পারবে। বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুইভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। নিয়োগ পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ও/NOC অনলাইনে আবেদনের সময় "Additional Documents" এ আপলোড করতে হবে। আবেদন সংশ্লিষ্ট কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (www.buet.ac.bd/regoffice)-এ প্রকাশ করা হবে। **অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ : ২৬/১১/২০২৪ইং।** স্বাক্ষরিত/- (অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন) রেজিস্ট্রার (অ. দা.), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সূত্র : ইত্তেফাক ০৬/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৬

অতিরিক্ত জেলা ও দায়রা জজ ঠাকুরগাঁও

প্রথম পৃষ্ঠার পর

শর্তাবলী : নিয়োগের ক্ষেত্রে আইন অনুযায়ী প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে। সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও এই ঠিকানায় ৩নং ক্রমিকে উল্লিখিত ফরমে আবেদনপত্র আগামী ২০/১১/২০২৪ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত নির্ধারিত বাক্সে পৌঁছাতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণ পূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি www.forms.gov.bd/job ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে। **দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :** ক) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক (অ) শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার ও কম্পিউটার / শর্টলিপি বিষয়ে প্রশিক্ষণের সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি (আ) সদ্য তোলা রঙিন ০৩ কপি পাসপোর্ট সাইজের (৫X৫ সে.মি.) সত্যায়িত ছবি (ই) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঈ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার মূল সনদের সত্যায়িত ফটোকপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারী প্রার্থীদের স্ব-স্ব কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ বা প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি ও (উ) চারিত্রিক সনদপত্র। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ০১/১১/২০২৪ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। পরীক্ষার ফি বাবদ ১ ও ২ নং পদের জন্য ১৫০/- টাকা এবং ৩-৫ নং পদের জন্য ১০০/- টাকা সোনালী ব্যাংক লিমিটেড-এ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১০৩-০২১০-৫১৩৫-১৪২২৩২৬ নম্বর কোডে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। যোগাযোগের প্রয়োজনে প্রার্থীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ২০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট যুক্ত ০২টি ৯.৫x৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম সহ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে প্রাথমিক বাছাইয়ে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে বর্তমান ঠিকানায় (আবেদন পত্রের সাথে সংযুক্ত ঠিকানায় লিখিত খামে) ডাকযোগে প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন- www.thakurgaon.judiciary.gov.bd সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ০১/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৯

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর

প্রথম পৃষ্ঠার পর

Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ৩৩৫/-, ২নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৩নং থেকে ৭নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: BNCC <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: BNCC <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bncc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর ওয়েবসাইটে (bncc.portal.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **অন্যান্য শর্ত ও নিয়মাবলী:** সরাসরি নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ শ্রাবণ ১৪৩১/২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০ ১১.০১৮.২৪-১৪১ নং প্রজ্ঞাপনে উল্লেখিত কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে। শুধুমাত্র ৬ নং ক্রমিকে উল্লেখিত পদ ব্যতীত সকল পদের ক্ষেত্রে ০১/১১/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। শুধুমাত্র ৬ নং ক্রমিকে উল্লেখিত "ইউএসএল" পদে ০১/১১/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়স ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তবে বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশ বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) সমর্থনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও, মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত অ্যাডমিট কার্ড সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদের সমর্থনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ০১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়াও, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা, শহীদ বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের ০১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। স্বাক্ষরিত/- মেজর ইশতিয়াক আহমেদ, উপপরিচালক (প্রশাসন) ও সদস্য সচিব, বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা, ঢাকা-১২৩০। bncc.portal.gov.bd

সূত্র : ইত্তেফাক ০১/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৪

জেলা প্রশাসক রাঙ্গামাটি

প্রথম পৃষ্ঠার পর

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে: প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ২৫.১১.২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪ নম্বর কলামের বর্ণনা (১৮-৩০ বছর) অনুযায়ী হতে হবে। শুধু বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণে জেলাপ্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের "কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০" অনুসরণ করা হবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (?) চিহ্ন দিতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে; কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্টিফিকেট সহকারী ও হিসাব সহকারী পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। ৪ ও ৫নং ক্রমিকের আবেদনকারীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন; জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcrangamati.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। **আবেদনের সময়সীমা নিম্নরূপ:** অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৭.১১.২০২৪ খ্রি., সকাল ০৯:০০টা। অনলাইনে আবেদনপত্র জমাদান শেষ তারিখ ও সময় ; ২৫.১১.২০২৪ খ্রি. বিকাল ০৪:০০টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি ও স্বাক্ষর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে ১নং থেকে ৩নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ২২৩/- টাকা এবং ৪নং থেকে ৫নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ সার্ভিস চার্জসহ মোট ১১২/- টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: DCRANGAMATI <Space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। দ্বিতীয় SMS: DCRANGAMATI <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcrangamati.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে :** (১) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ); (২) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র; (৩) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি; (৪) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক ও পৌরসভার মেয়র/প্রশাসক বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যার নাম সুস্পষ্টভাবে সনদে উল্লেখ থাকতে হবে; (৫) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে; (৬) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৭) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্যক্ষেত্রে) এর ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি; (৮) Online /অনলাইন-এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy); বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলাপ্রশাসকের কার্যালয়, www.rangamati.gov.bd এর ওয়েবসাইটে ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। স্বাক্ষরিত/- (মোহাম্মদ মোশারফ হোসেন খান), জেলাপ্রশাসক রাঙ্গামাটি পার্বত্য জেলা। ফোন: ০২৩৩৩৩৭১৬৩২, E-mail:dcrangamati@mopa.gov.bd

সূত্র : যুগান্তর ০২/১১/২০২৪ইং পৃষ্ঠা-১২

বাংলাদেশ বিমান বাহিনী

শেষ পৃষ্ঠার পর

অন্যান্য যোগ্যতা : নাগরিকত্ব : বাংলাদেশি এর পুরুষ/মহিলা নাগরিক। বৈবাহিক অবস্থা : অবিবাহিত/অবিবাহিতা। **বয়স** : ১৬ বছর ৬ মাস হতে ২২ বছর (২৩ জুন ২০২৫ তারিখে), বয়সের ক্ষেত্রে হলফনামা গ্রহণযোগ্য নয়। **উচ্চতা: পুরুষ প্রার্থী** : ৬৪ ইঞ্চি। বুকের মাপ : ৩২ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। **মহিলা প্রার্থী**: জিডি(পি)- ৬৪ ইঞ্চি, অন্যান্য- ৬২ ইঞ্চি। বুকের মাপ : ২৮ ইঞ্চি। প্রসারণ : ২ ইঞ্চি। ওজন : বয়স ও উচ্চতানুযায়ী। চোখ : দু চোখের দৃষ্টিশক্তি: জিডি(পি)- ৬/৬, এটিসি ও এডিডব্লিউসি- ৬/১২ পর্যন্ত এবং লজিস্টিক, এডমিন, মিটিওরলজি ও ফিন্যান্স- ৬/৬০ পর্যন্ত। সকল শাখার জন্য Color Perception Standard-1. **প্রশিক্ষণ/কমিশন** : বাংলাদেশ মিলিটারি একাডেমিতে ১০ সপ্তাহসহ বাংলাদেশ বিমান বাহিনী একাডেমিতে ৩ বছর মেয়াদি প্রশিক্ষণ শেষে 'ফ্লাইং অফিসার' পদবিতে নিয়মিত কমিশন প্রদান করা হবে। কমিশনপ্রাপ্তির পরবর্তী ১ বছরসহ মোট ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি প্রদান করা হবে। **প্রশিক্ষণ শেষে অর্জিত ডিগ্রি** : বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) এর অধীনে বিএসসি (সম্মান) অ্যারোনটিক্স/বিবিএ/ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অর্জন। **বিশেষ সুযোগ-সুবিধা** : প্রশিক্ষণকালীন অফিসার ক্যাডেটদের মাসিক বেতন ১০,০০০.০০ টাকা এবং প্রশিক্ষণশেষে পদবি অনুসারে আকর্ষণীয় বেতন ও ভাতাদি প্রাপ্য। **নির্বাচন পদ্ধতি** : ১। প্রাথমিক লিখিত পরীক্ষা: আইকিউ, ইংরেজি, গণিত ও পদার্থ, শুধুমাত্র ফিন্যান্স শাখার জন্য: আইকিউ, ইংরেজি ও ব্যবসায় শিক্ষা; ২। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা; ৩। প্রাথমিক মৌখিক পরীক্ষা; ৪। আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ (আইএসএসবি); ৫। কেন্দ্রীয় চিকিৎসা পর্ষদ (সিএমবি) কর্তৃক চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা; ৬। ক্যাডেট চূড়ান্ত নির্বাচন পর্ষদ (সিএফএসবি)। বিঃ দ্রঃ পরীক্ষাকেন্দ্রে সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস (মোবাইল, ক্যালকুলেটর, ঘড়ি ইত্যাদি) এবং ব্যাগ বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। শর্ত প্রযোজ্য: সকল নিয়ম ও শর্ত বিমান বাহিনী কর্তৃপক্ষ পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে। **অনলাইনে আবেদনের নিয়মাবলী** : সরাসরি https://joinairforce.baf.mil.bd ওয়েবসাইটে 'Apply Now'-এ ক্লিক করে পরবর্তী নির্দেশনা অনুযায়ী রেজিস্ট্রেশন করে ফি বাবদ ১,০০০/- টাকা পরিশোধ করা হলে রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বরে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। কেবলমাত্র বিমান সদর কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট কিছু কলেজের শিক্ষার্থীরা শুধুমাত্র প্রথমবার আবেদনের ক্ষেত্রে বিনামূল্যে আবেদন করতে পারবেন। এজন্য প্রথমে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের নাম্বার প্রদানপূর্বক 'Eligible for Application Without Payment' অপশনটি 'Yes' নির্বাচন করে কলেজের নাম নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন ফি প্রদানপূর্বক আবেদনকারীগণ তাদের কলেজের নাম নির্ধারিত স্থানে টাইপ করে প্রদান করবেন। আবেদনকারীগণকে বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত পরীক্ষার তারিখ সমূহের মধ্যে যেকোনো একটি তারিখ নির্বাচন করে আবেদন করতে হবে (ক্যাডেট কলেজ/সকল কলেজের জন্য প্রযোজ্য নয়)। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ডের মাধ্যমে 'Login' করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র চূড়ান্তভাবে 'Submit' করার পূর্বে আবেদনকারীগণ নিরীক্ষণের সুযোগ পাবেন এবং কেবলমাত্র আবেদনপত্রে প্রদানকৃত তথ্যসমূহের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হলেই তা চূড়ান্তভাবে সাবমিট করবেন। চূড়ান্তভাবে আবেদনপত্রটি 'Submit' করা হলে আবেদনকারীগণ আবেদনপত্র ও প্রবেশপত্র 'Download' করতে পারবেন। কোনো আবেদনকারী মোবাইল নম্বরে ইউজার আইডি ও পাসওয়ার্ড না পেলে ২৪ ঘন্টার মধ্যে তা helpdesk@baf.mil.bd -এ আবেদনের জন্য ব্যবহৃত ইমেইল এড্রেস হতে পেমেন্ট ইনভয়েসের কপি/প্রমাণসহ ইমেইল করে জানাতে হবে। উক্ত আবেদনপত্র প্রাথমিক লিখিত পরীক্ষার নির্ধারিত তারিখে ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত ফটোকপিসহ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্রে জমা দিতে হবে। **অনলাইনে আবেদনের সময়সীমা: ০১ নভেম্বর ২০২৪ থেকে ০৫ এপ্রিল ২০২৫। * শর্ত প্রযোজ্য। আবেদনপত্র জমাদানের নিয়মাবলী** : প্রার্থীদের আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতঃ পরীক্ষার সময় ইতঃপূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র ও নিম্নবর্ণিত সনদসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে: ১। সকল শিক্ষাগত যোগ্যতার সাময়িক সনদ, প্রশংসাপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি; ২। নাগরিকত্ব, চারিত্রিক সনদ (বৈবাহিক অবস্থা উল্লেখপূর্বক) জমা দিতে হবে। উক্ত সনদ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/ মিউনিসিপ্যাল চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে আনতে হবে। উক্ত সনদের সাথে সনাক্তকারীর মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে; ৩। সম্প্রতি তোলা ১২ কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প আকারের সত্যায়িত ছবি (অবশ্যই ল্যাব প্রিন্ট ও পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে কলারসহ শার্ট পরিহিত ছবি হতে হবে); ৪। বর্তমান অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ; ৫। চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে স্ব স্ব কর্মস্থল/প্রতিষ্ঠানের প্রধানের নিকট হতে প্রার্থীতার জন্য অনুমতিপত্র; ৬। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; ৭। খেলাধুলা/অন্যান্য যেকোন বিষয়ে কৃতিত্বের সনদ থাকলে তার সত্যায়িত ফটোকপি। ৮। দাবীকৃত সমমানের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি। **বিস্তারিত তথ্য ও অনলাইনে আবেদন করতে: লগ ইন করুন: https://joinairforce.baf.mil.bd. পরীক্ষা কেন্দ্র : সকল বিভাগ ও সকল জেলার প্রার্থীদের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।** পরীক্ষা গ্রহণের দিন সকাল ০৮০০ ঘটিকার মধ্যে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। রিক্রুটমেন্ট পরিদপ্তর, বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: বাংলাদেশ বিমান বাহিনী তথ্য ও নির্বাচনী কেন্দ্র, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। বিস্তারিত তথ্য ও অনলাইন আবেদনের জন্য: https://joinairforce.baf.mil.bd, Help Desk: 01769-990880 (8AM-3PM), Email: helpdesk@baf.mil.bd, Follow us: facebook.com/baf.mil.bd

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ১৫/১০/২০২৪ পৃষ্ঠা-০৭

বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি

শেষ পৃষ্ঠার পর

বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য। কর্তৃপক্ষ এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত অথবা বাতিল এবং পদের সংখ্যা কম/বেশী-এর বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। **আবেদনপত্র দাখিলঃ** আগ্রহী প্রার্থীকে আবেদনপত্র এবং পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সত্যায়িত করে সংযুক্তকরত আবেদন করতে হবেঃ (ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি; (খ) অভিজ্ঞতার সনদ (অভিজ্ঞতার সনদ প্রদানকারী কর্মকর্তার নাম, ফোন নম্বর স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে এবং অভিজ্ঞতার সনদে কার্যক্ষেত্র উল্লেখপূর্বক কাজের সংক্ষিপ্ত বিবরণ থাকতে হবে); (গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি; (ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি; (ঙ) কোভিড টিকা সনদ; (চ) স্থায়ী ঠিকানার বিপরীতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ; (ছ) বাংলাদেশ-চায়না পাওয়ার কোম্পানি লিঃ এর অনুকূলে ২০০/- টাকা মূল্যের (অফেরত যোগ্য) পে-অর্ডার। **প্রার্থী আবেদনপত্রে যে সকল তথ্যাদি উল্লেখ করবেনঃ** (ক) নামঃ (খ) পিতার নামঃ (গ) মাতার নামঃ (ঘ) জন্ম তারিখঃ (ঙ) ২৮/১০/২০২৪ তারিখে বয়সঃ (চ) শিক্ষাগত যোগ্যতাঃ (ছ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাঃ [অভিজ্ঞতার সনদে কার্যক্ষেত্র উল্লেখপূর্বক কাজের সংক্ষিপ্ত বিবরণ] (জ) বর্তমান ঠিকানাঃ (ঝ) স্থায়ী ঠিকানাঃ (ঞ) ধর্মঃ (ত) বৈবাহিক অবস্থা : (ঢ) মোবাইল নম্বরঃ (ট) জাতীয়তাঃ (ঠ) জাতীয় পরিচয়পত্র নং। উপরিউক্ত তথ্যাদি উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), কর্পোরেট অফিস, বিসিপিসিএল, Unique Trade Center (৫ম তলা), ০৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবর ১৮/১১/২০২৪ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন) সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। স্বাক্ষরিত/- (মোঃ মামুনুর রহমান মন ২০/২৮ মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), বিসিপিসিএল, ঢাকা।

সূত্র : ইত্তেফাক ২৯/১০/২০২৪ইং পৃষ্ঠা-৪

বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ সাভার

শেষ পৃষ্ঠার পর

মন্তব্য : সকল পদের জন্য নিয়ম অনুযায়ী বাড়িভাড়া, চিকিৎসাভাতা, উৎসবভাতা, পোশাকভাতা, প্রণোদনাভাতা, সিপিএফ, গ্রাচুইটিসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। **শর্তাবলী** : আবেদনপত্র আগামী ২৩ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। শুধুমাত্র নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর উল্লেখপূর্বক আবেদন করতে পারবেন। দরখাস্তের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, চারিত্রিক সনদপত্র ও প্রশিক্ষণ সনদপত্র (যদি থাকে) এবং সাম্প্রতিক তোলা ০২ কপি পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ডিইপিজেড, সাভার ঢাকা-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে ক্রমিক ০১ পদের জন্য ৫০০/- এবং ক্রমিক ০২ ও ০৩ নং পদের জন্য ৩০০/- টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/ সমমান গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। লিখিত, ডেমোনেস্ট্রেশন/ ব্যবহারিক, মৌখিক পরীক্ষার তারিখ যথাসময়ে জানানো হবে। চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। স্বাক্ষরিত/- ব্রিগে জেনা মো : মোস্তাফিজুর রহমান (অব.), অধ্যক্ষ, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ ডিইপিজেড, সাভার, ঢাকা- ১৩৪৯।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২৫/১০/২০২৪ইং পৃষ্ঠা-৮

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ঠাকুরগাঁও

শেষ পৃষ্ঠার পর

শর্তাবলী : প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমের আলোকে বর্ণিত তথ্যাদি পূরণপূর্বক স্বহস্তে স্বাক্ষর করে আবেদন করতে হবে। ফরমটি ডাব্লিউডাব্লিউডাব্লিউ.মপা.গভ.বিডি ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে। আবেদন পত্র আগামী ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রি ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও বরাবরে পৌঁছাতে হবে। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৪/১১/২৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে** : (ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার অনুলিপি। (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদপত্রের অনুলিপি। (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (ঙ) স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি। (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের অনুলিপি। (ছ) প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০ (বিশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট সম্বলিত ৯.৫ x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম। (জ) "পরীক্ষার ফি" বাবদ নিয়োগ বিজ্ঞপ্তির ছকে বর্ণিত ১-২ ক্রমিকের পদের জন্য ২০০/- এবং ৩-৬নং ক্রমিকের পদের জন্য ১০০/ টাকা সোনালী ব্যাংকে এর ট্রেজারী চালানের মাধ্যমে ১২১০৩০২১০৪৪৯০ (অফিস কোড), ১৪২২৩২৬ (পরীক্ষার ফি) কোড এ জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। খামের উপরে অবশ্যই নাম, পদের নাম, নিজ জেলা ও কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। প্রচলিত নিয়োগ বিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্ধারিত পরীক্ষায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্যপদ সমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন : https: //thakurgaon.judiciary.gov.bd/bn/ leader-chief- judicial. স্বাক্ষরিত/- সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও।

সূত্র : বাংলাদেশ প্রতিদিন ২৫/১০/২০২৪ইং পৃষ্ঠা-৯

কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

শেষ পৃষ্ঠার পর

৪. সহকারী অধ্যাপক (ইতিহাস বিভাগ), ৩৫৫০০-৬৭০১০/-	০১ জন	এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/সিজিপিএ ৪.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। স্নাতকোত্তর ক্ষেত্রে প্রভাষক হিসেবে ৩ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা। এমফিল ক্ষেত্রে প্রভাষক হিসেবে ২ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা। পিএইচডি ক্ষেত্রে প্রভাষক হিসেবে ১ বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা। সকল ক্ষেত্রে স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউ) সর্বমোট ৩টি প্রকাশনা তন্মধ্যে First Author/ Caresponding Author হিসেবে ১টি প্রকাশনা থাকতে হবে।
৫. প্রভাষক (ইংরেজি বিভাগ-১; ইতিহাস বিভাগ-১), ২২০০০-৫৩০৬০/-	০২ জন	এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/ সিজিপিএ ৪.০০। সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
৬. পেশ ইমাম ২২০০০-৫৩০৬০/-	০১ জন	টাইটেল এ স্নাতকোত্তর ডিগ্রী/ দাওরায়ে হাদিস/ কামিল ডিগ্রীধারী। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। বড় মসজিদে ইমাম হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৭. কম্পিউটার অপারেটর ১২৫০০-৩০২৩০/-	০১ জন	২য় শ্রেণির স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীসহ ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণে ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা এবং এমএস ওয়ার্ড ও এক্সেলে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।
৮. অফিস সহকারী কাম ডাটা প্রসেসর; ১১০০০-২৬৫৯০/-	০২ জন	২য় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণে ডিপ্লোমা। এমএস ওয়ার্ড ও এক্সেলে কাজের অভিজ্ঞতা। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।
৯. ড্রাইভার (হেভী) ৯৭০০-২৩৪৯০/-	০১ জন	৮ম শ্রেণী পাসসহ BRTA হতে ড্রাইভিং লাইসেন্স (হেভী) থাকতে হবে। গাড়ী চালনায় ৫ বছরের অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১০. অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট, ৯৩০০-২২৪৯০/-	০২ জন	২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার প্রশিক্ষণে ৩ মাসের বেসিক সার্টিফিকেট কোর্সের সনদ। এমএস ওয়ার্ড ও এক্সেলে কাজের অভিজ্ঞতা। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।
১১. স্টোর কীপার ৯৩০০-২২৪৯০/-	০১ জন	২য় বিভাগ/ শ্রেণী/সমানের জিপিএসহ স্নাতক ডিগ্রী। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।
১২. লাইব্রেরি এ্যাসিস্টেন্ট ৯৩০০-২২৪৯০/-	০১ জন	২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ লাইব্রেরি ও ইনফরমেশন সায়েন্সের ডিপ্লোমা। কম্পিউটারে পারদর্শী হতে হবে।
১৩. মেডিকেল এ্যাসিস্টেন্ট ৯৩০০-২২৪৯০/-	০১ জন	বিজ্ঞান বিভাগে এইচএসসি পাস। সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৪. প্যাথলজি টেকনিশিয়ান ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এসএসসি ও ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন প্যাথলজিসহ সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৫. ড্রাইভার হালকা ৯৩০০-২২৪৯০/-	০১ জন	৮ম শ্রেণী পাসসহ BRTA হতে ড্রাইভিং লাইসেন্স (হালকা) এবং ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
১৬. মেকানিক ৯৩০০-২২৪৯০/-	০১ জন	এসএসসি পাসসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা/ ২ বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে।
১৭. অফিস সহায়ক ৮২৫০-২০০১০/-	০৫ জন	এসএসসি/সমমান পাস। দাপ্তরিক কাজের অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী।
১৮. সিক বয়/সিক গার্ল ৮২৫০-২০০১০/-	০৪ জন	৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
১৯. বাস হেলপার ৮২৫০-২০০১০/-	০৩ জন	৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী।

শর্তাবলী : আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮(সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ১৭/১১/২০২৪ইং তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদনের শর্তাবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jkknisedha ভিজিট করুন। প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে : (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র (শিক্ষকদের জন্য) এর সত্যায়িত অনুলিপি। (খ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি। (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি সত্যায়িত রঙিন ছবি। (ঘ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ হতে ০৬ পদের জন্য ৬০০/- টাকা, ক্রমিক নং-০৭ পদের জন্য ৩০০/- টাকা, ক্রমিক নং-০৮ হতে ১৬নং পদের জন্য ২০০/- টাকা এবং ক্রমিক নং ১৭ হতে ১৯নং পদের জন্য ১০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পেঅর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে। উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkknisedha থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য। ০৮নং ক্রমিকের জন্য কর্মচারি নিয়োগের ক্ষেত্রে পদপর্যায়োন্নয়ন নীতিমালা অনুযায়ী ৫০% কোটা সংরক্ষিত থাকবে। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে- স্বাক্ষরিত/- (প্রফেসর ড. মোঃ মিজানুর রহমান), রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪। ফোন : ০২-৯৯৬৬৭৬৪০৪; www.jkknisedha

সূত্র : প্রতিষ্ঠানের ওয়েবসাইট : www.jkknisedha

বেপজা পাবঃ স্কুল এন্ড কলেজ ঈশ্বরদী ইপিজেড

প্রথম পৃষ্ঠার পর

বয়স (২০-১১-২০২৪ পর্যন্ত) : ১নং পদে অনুর্ধ্ব ৪০ বছর এবং ২-১০নং পদে অনুর্ধ্ব ৩৫ বছর। **শর্তাবলী** : নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ২০-১১-২০২৪ তারিখের মধ্যে ডাকযোগে অধ্যক্ষ, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনের ফর্মের নমুনা বেপজার ওয়েবসাইট: www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। চাকরিতে নিয়োগ লাভের ক্ষেত্রে কোটার বিষয়ে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীকে লিখিত, ডেমোনেস্ট্রেশন/ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে/ক্ষুদে বার্তার মাধ্যমে জানানো হবে। আবেদনপত্রের সাথে যেকোন তফসিলি ব্যাংক হতে বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর অনুকূলে ক্রমিক নং-০১ পদের জন্য ৬০০/-, ক্রমিক নং-২ হতে ৫ পদের জন্য ৫০০/- ও ক্রমিক নং-৬ হতে ৭ পদের জন্য ৪০০/- এবং ক্রমিক নং-৮ হতে ১০ পদের জন্য ৩০০/- টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। স্বাক্ষরিত/- অলোক কুমার অধিকারী, অধ্যক্ষ, বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা। ফোন : ০২৫৮৮৮৪৭৮১১ ই-মেইল-alokadikary.bepza@gmail.com; www.bepza.gov.bd

সূত্র : জনকণ্ঠ ৩১/১০/২০২৪ইং পৃষ্ঠা-১২

রুরাল পাওয়ার কোম্পানি

শেষ পৃষ্ঠার পর

to be dropped at HR & Admin Department, Rural Power Company Limited (RPCL), Asian Tower (4th Floor), Plot # 52, Road # 21, Airport Road, Nikunja-2, Khilkhet, Dhaka-1229. Age would be calculated on 25.11.2024. The applicant shall have to pay Tk. 1,000/- (one thousand) as a Bank Draft/Pay Order as application fees in favor of RPCL. Candidates employed in Government, Semi Government, Autonomous Organization or Power Sector Utilities should have permission from Competent Authority or should apply through proper channel. RPCL Authority reserves the right to cancel any or all applications without assigning any reasons whatsoever. If any fake declaration is found at any stage of screening process, the authority reserves the right to cancel the candidature of the applicant. Any persuasion shall disqualifz the candidature of the applicant. Age limit are relaxable for departmental candidates. GM (HR & Admin) Addl. Charge Rural Power Company Limited

সূত্র : ডেইলি অবজারভার ০৪/১১/২০২৪ইং পৃষ্ঠা-০৩

অতিরিক্ত জেলা ও দায়রা জজ বরিশাল

শেষ পৃষ্ঠার পর

পে-অর্ডার, ব্যাংক ড্রাফট ও পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। (গ) প্রাপক হিসেবে আবেদনকারীর নাম ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ১৫/- টাকা মূল্যমানের ডাকটিকিট সম্বলিত ১০x৪.৫১ মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। তবে লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল/প্রদর্শন করতে হবে : (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি। (খ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি। (গ) জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্রের মূল কপি। (ঘ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ। (ঙ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ। চাকুরীরত আবেদনকারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। বর্ণিত শর্তাবলীর আলোকে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাইক্রমে যোগ্য প্রার্থীদের বর্তমান ঠিকানায় পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখ পূর্বক প্রবেশপত্র ইস্যু করা হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান (কোটাসহ) এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সার্কুলার যথাযথভাবে অনুসরণ করা হবে। আবেদনপত্র আগামী ২৮/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে "চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল" -এই ঠিকানায় ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস/সরাসরি পৌঁছাতে হবে। উক্ত খামের উপরে বাম পাশে আবশ্যিকভাবে "পদের নাম" উল্লেখ করতে হবে। এ বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত নমুনা প্রবেশপত্র পৃথক A4 সাইজের কাগজে কম্পিউটারে টাইপ করে শুধুমাত্র ২-৬ নং ক্রমিক পূরণপূর্বক চাকরির আবেদনের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে। স্বাক্ষরিত/- চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, বরিশাল ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল।

সূত্র : যুগান্তর ৩১/১০/২০২৪ইং পৃষ্ঠা-৮

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড

শেষ পৃষ্ঠার পর

